

আবেদন

আধুনিক চিকিৎসা বিজ্ঞানে ভারতে প্রথম মানবশব ব্যবচ্ছেদ করেন পণ্ডিত মধুসূদন গুপ্ত এবং তাঁর চার সহযোগী তদানীন্তন বেঙ্গল মেডিক্যাল কলেজের অ্যানাটমি হলে। দিনটি ১৮৩৬-এর ১০ জানুয়ারি। গণদর্পণ ১৯৮৭ সাল থেকে এই দিনটিকে কুসংস্কারবিরোধী তথা সমাজ ব্যবচ্ছেদ দিবস হিসাবে পালন করে আসছে।

এ বছর ১৭৫তম দিবস। এই উপলক্ষে গণদর্পণ ক্যালকাটা মেডিক্যাল কলেজের সঙ্গে মিলিত ভাবে এক কর্মসূচি নিয়েছে, তার মধ্যে উল্লেখযোগ্য হল ডা. রামনাভর এবং সুশীলাদেবীকে সংবর্ধনা জ্ঞাপন।

ডা : রামনাভর গত ১৩ নভেম্বর ২০১০ কর্নাটকের আয়ুবর্দ মেডিক্যাল কলেজ, তিনি যেখানে কর্মরত, তাঁর পিতার ইচ্ছানুযায়ী তাঁর মরদেহ ব্যবচ্ছেদ করেন। তাঁকে উৎসাহ দিতে অ্যানাটমি হলে অন্য অনেকের সঙ্গে উপস্থিত ছিলেন ডাক্তারের মা সুশীলাদেবী। মানব সভ্যতার ইতিহাসে প্রবহমান জীবনমুখী সংস্কৃতির ধারাকে যে উচ্চতায় মা ও ছেলে নিয়ে গেছেন তাতে গণদর্পণ আপ্লুত।

এই কর্মসূচিকে সফল করতে হলে চাই আপনাদের প্রসারিত হাত যা আগামী চলার পথকে মসৃণ করবে। আশা করব, আপনাদের চিন্তাভাবনা, সম্ভব হলে অনুদান দিয়ে, এই কর্মসূচি রূপায়ণে পাশে থাকবেন।

